# নির্ভয়ে স্বাস্থ্যসেবা নিন

**আপনি হয়তো পাবলিক চার্জ নিয়ে চিন্তিত আছেন, কিন্তু একে আপনার স্বাস্থ্যসেবা নেয়া বন্ধ করতে দেবেন না!**

NYC Health + Hospitals আপনার প্রাপ্য স্বাস্থ্যসেবা গ্রহণে আপনাকে সাহায্য করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের আর্থিক পরামর্শদাতা ও আইনি অংশীদাররা আপনার প্রশ্নের উত্তর দিতে পারবেন এবং আপনার জন্য পাবলিক চার্জ আইন প্রযোজ্য কিনা তা ব্যাখ্যা করতে পারবেন।

| | পাবলিক চার্জের প্রভাব | আপনি যে পদক্ষেপ নিতে পারেন |
|---|---|---|
| **NYC Health + Hospitals থেকে স্বাস্থ্যসেবা গ্রহণ করা।** | স্বাস্থ্যসেবা গ্রহণ করাটা পাবলিক চার্জ আইনে চিহ্নিত কোনো সরকারি বেনিফিট নয়।<br><br>যদি আপনি পাবলিক চার্জ আইনের আওতাভুক্ত হন, তাহলে এখন আপনি স্বাস্থ্যসেবা নিলে তা পরবর্তীতে আপনার অভিবাসনের আবেদনকে জোরদার করতে পারে। | **নির্ভয়ে স্বাস্থ্যসেবা নিন!** |
| **মেডিকেইড** | আশ্রয়প্রার্থী, শরণার্থী, সহিংসতার শিকার হওয়া কিছু নির্দিষ্ট ব্যক্তি, এবং ইতোমধ্যে গ্রিন কার্ড পেয়েছেন এমন লোকজনসহ অনেক অভিবাসী পাবলিক চার্জ আইনের আওতাভুক্ত নন।<br><br>ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস (DACA) ও টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (TPS) গ্রহণকারীরা স্টেটের অর্থায়নে মেডিকেইড পাওয়ার যোগ্য, যা পাবলিক চার্জ আইনে চিহ্নিত কোনো সরকারি বেনিফিট নয়। | **মেডিকেইড পাওয়ার যোগ্য অধিকাংশ নিউ ইয়র্কবাসী পাবলিক চার্জের বিষয়ে উদ্বেগ ছাড়াই তালিকাভুক্ত হতে পারেন।**<br><br>LegalHealth-এ ফোন করে আপনার অভিবাসনের অবস্থা সম্পর্কে প্রকৃত তথ্য জেনে নিন: 212-659-6188 |
| **ইমার্জেন্সি মেডিকেইড, মেডিকেইড ফর প্রেগন্যান্ট উইমেন, এসেন্সিয়াল প্ল্যান, চাইল্ড হেলথ প্লাস, বা কোয়ালিফাইড হেলথ প্ল্যান** | এগুলো পাবলিক চার্জ আইনে চিহ্নিত সরকারি বেনিফিট নয়।<br><br>নাগরিক সন্তানরা চাইল্ড হেলথ প্লাস বা অন্যান্য বেনিফিটে তালিকাভুক্ত হলে সে জন্য পিতামাতাকে দণ্ডিত করা হবে না। | **নির্ভয়ে তালিকাভুক্ত হোন!** |
| **NYC Care বা H+H Options** | NYC Care ও H+H Options পাবলিক চার্জ আইনে চিহ্নিত সরকারি বেনিফিট নয়। | **নির্ভয়ে তালিকাভুক্ত হোন!** |

**আপনার কোন ধরনের হেলথ কভারেজ রয়েছে তা আপনি না জানলে, আপনার হেলথ প্ল্যান বা NYC Health + Hospitals-এর কন্টাক্ট সেন্টারে 844-NYC-4-NYC (844-692-4692) নম্বরে ফোন করুন।**

**যদি আপনি মনে করেন যে আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য প্রভাবিত হতে পারেন, তাহলে বিনামূল্যে, গোপনীয় অভিবাসন সংক্রান্ত পরামর্শের জন্য LegalHealth-এর পাবলিক চার্জ হটলাইনে 212-659-6188 নম্বরে ফোন করুন।**

**আইনি পরামর্শ প্রদান করা এর উদ্দেশ্য নয়।**

চলমান ▶

# **পাবলিক চার্জ:** এটি কি আমার জন্য প্রযোজ্য?

আপনার ও আপনার পরিবারের সদস্যদের **গ্রিন কার্ড আছে।**

**আপনি 6 মাসের বেশি সময়ের জন্য দেশের বাইরে না থাকলে পাবলিক চার্জ আইন আপনার জন্য প্রযোজ্য হবে *না*।**

আপনি নিচের একটি মর্যাদার জন্য আবেদন করছেন বা আপনার ইতোমধ্যে এটি আছে: **যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব, টি বা ইউ ভিসা, অ্যাসাইলাম, শরণার্থী, বিশেষ অভিবাসী কিশোর, মহিলাদের বিরুদ্ধে সহিংসতা সংক্রান্ত আইন (VAWA) অনুযায়ী স্ব-আবেদনকারী।**

**পাবলিক চার্জ আইন আপনার জন্য প্রযোজ্য *নয়*।**

আপনি পাওয়ার যোগ্য এমন যেকোনো সরকারি প্রোগ্রাম ব্যবহার করা অব্যাহত রাখতে পারেন। এই মর্যাদায় থাকাকালীন গৃহীত বেনিফিটগুলো আপনার বিরুদ্ধে কোনো প্রভাব ফেলবে না, এমনকি আপনি অন্য কোনো ভিত্তিতে গ্রিন কার্ডের জন্য আবেদন করলেও।

আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য **যুক্তরাষ্ট্রের *অভ্যন্তরে* থেকে গ্রিন কার্ডের জন্য আবেদন করার, ভিসার জন্য আবেদন করার, বা ভিসা নবায়ন করার পরিকল্পনা করছেন।**

**LegalHealth থেকে অভিবাসন সংক্রান্ত পরামর্শ নিন: 212-659-6188**

আপনি এখনো পাবলিক চার্জ টেস্টের আওতাভুক্ত নাও হতে পারেন, অথবা আপনি বা আপনার পরিবারের সদস্যদের গৃহীত সরকারি বেনিফিটগুলো এই টেস্টের আওতাভুক্ত নাও হতে পারে।

আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য **যুক্তরাষ্ট্রের *বাইরে* থেকে গ্রিন কার্ডের জন্য আবেদন করার, ভিসার জন্য আবেদন করার, বা ভিসা নবায়ন করার পরিকল্পনা করছেন।**

**LegalHealth থেকে অভিবাসন সংক্রান্ত পরামর্শ নিন: 212-659-6188**

বিদেশে মার্কিন কনস্যুলার অফিসগুলো সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে ভিন্ন পাবলিক চার্জ আইন ব্যবহার করে। একজন পেশাজীবীর কাছ থেকে অভিবাসন সংক্রান্ত পরামর্শ নিন এবং বিদেশে মার্কিন কনস্যুলার অফিসেও যোগাযোগ করুন।

আপনার কোন ধরনের হেলথ কভারেজ রয়েছে তা আপনি না জানলে, আপনার হেলথ প্ল্যান বা NYC Health + Hospitals-এর কন্টাক্ট সেন্টারে 844-NYC-4-NYC (844-692-4692) নম্বরে ফোন করুন।

যদি আপনি মনে করেন যে আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য প্রভাবিত হতে পারেন, তাহলে বিনামূল্যে, গোপনীয় অভিবাসন সংক্রান্ত পরামর্শের জন্য LegalHealth-এর পাবলিক চার্জ হটলাইনে 212-659-6188 নম্বরে ফোন করুন।

**আইনি পরামর্শ প্রদান করা এর উদ্দেশ্য নয়।**

Bengali